# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 JANUARY 2025 7:45—7:55**

---

১। উত্তরপূর্বাঞ্চলে বিগত ১১ বছরে ৭ হাজার ২০০ কিলোমিটারেরও বেশী দৈর্ঘ্যের জাতীয় সড়ক নির্মাণ করা হয়েছে বলে আজ সংসদের বাজেট অধিবেশনে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর প্রকাশ ।

২।স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ দুদিনের সফরসূচীতে আগামীকাল আসামে ।

৩। মহারাষ্ট্রের বারামতীতে সংঘঠিত এক বিমান দূর্ঘটনায় রাজ্যটির উপ-মুখ্যমন্ত্রী অজিত পাওয়ার সহ ৫ জনের মৃত্যু ।

৪। ভোটার তালিকার পুনর নিরীক্ষণ প্রক্রিয়ায় অবৈধ বিদেশী নাগরিকের বিরুদ্ধে অভিযোগ জানানোর বিষয়টিকে জাতীয় দায়িত্ব হিসেবে গণ্য করতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার আহ্বান ।

এবং

৫। আসাম বিধানসভার পাবলিক একাউন্টস কমিটির আজ শ্রীভূমি জেলা সফর ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু বলেছেন যে সমগ্র বিশ্ব সিন্দুর অভিযানের সময় প্রতিরক্ষা বাহিনী সমুহের সাহস এবং শক্তি প্রত্যক্ষ করেছে । বাজেট অধিবেশনের আজ প্রথম দিনে সংসদের উভয় সভার উদ্দেশ্যে ভাষণ দিয়ে রাষ্ট্রপতি এই মন্তব্য করেন । রাষ্ট্রপতি বলেন যে দেশ নিজস্ব সম্পদ ব্যবহার করে সন্ত্রাসবাদী ঘাটিগুলি ধ্বংস করতে সমর্থ হয়েছে । তিনি বলেন যে ভারতের ওপর যেকোন ধরণের সন্ত্রাসবাদী আক্রমণের বিরুদ্ধে দৃঢ় এবং নির্ণায়ক প্রত্যুত্তর দেওয়া হবে বলে সরকার স্পষ্ট বার্তা প্রেরণ করেছে । রাষ্ট্রপতি, সিন্ধু জলচুক্তি প্রত্যাহারকে ভারতের সন্ত্রাসবাদ বিরোধী কার্যকলাপের অংশ

বলে উল্লেখ করেন । তিনি বলেন যে দেশের প্রতিরক্ষা ব্যবস্থা সুদৃঢ় করার জন্য সুদর্শনচক্র মিশন অব্যাহত রয়েছে ।
শ্রীমতী মুর্মু বলেন যে বিগত ১১ বছরে উত্তরপূর্বাঞ্চলে ৭ হাজার ২০০ কিলোমিটারেরও অধিক দৈর্ঘ্যের জাতীয় সড়ক নির্মাণ করা হয়েছে । এর ফলে প্রত্যন্ত এলাকা , পার্বত্য অঞ্চল , জনজাতী বসতি প্রধান অঞ্চল এবং সীমান্ত এলাকা সমুহের সঙ্গে যোগাযোগ সহজ হয়েছে ।গ্রামাঞ্চলের উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টি করার উদ্দেশ্যে বিকশিত ভারত জি রাম জি নামের একটি আইন প্রণয়ন করা হয়েছে বলেও তিনি উল্লেখ করেন । এই নতুন আইনের মাধ্যমে গ্রামাঞ্চলে ১২৫ দিনের কর্মসংস্থান নিশ্চিত করা হয়েছে বলে তিনি মন্তব্য করেন ।তিনি বলেন যে আইনটি গ্রামাঞ্চলের উন্নয়নে নতুন গতি প্রদান করবে এবং কৃষক , পশুপালক , ও মৎস্য চাষিদের জন্য নতুন সুযোগ সৃষ্টি করবে ।রাষ্ট্রপতি বলেন সরকারের সুদৃঢ় নীতি এবং উদ্যমের জন্যে দেশে কৃষিজাত সামগ্রীর উৎপাদন বৃদ্ধি পেয়েছে । দেশে রেকর্ড পরিমান খাদ্যসামগ্রী এবং উদ্যান শস্য উৎপাদন হয়েছে বলে তিনি জানান । জাতীয় ভোজ্য তেল মিশনের মাধ্যমে তৈল বীজ এবং ডাল জাতীয় সামগ্রীর আমদানী হ্রাস করা সরকারের উদ্দেশ্য বলে উল্লেখ করে রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু বলেন যে এই ক্ষেত্রে দেশ আত্মনির্ভরশীল হওয়ার পথে অগ্রসর হচ্ছে । ভারত চলতি দশকের শেষে ৫০০ গিগাওয়াট নবীকরণযোগ্য শক্তি উৎপাদনের লক্ষ্যে উপনীত বলে তিনি আস্থা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামীকাল দুদিনের সফরসূচী নিয়ে আসামে আসছেন । স্বরাষ্ট্রমন্ত্রী আগামী আগামী শুক্রবার ডিব্রুগড়ে আসাম বিধানসভার দ্বিতীয় প্রাঙ্গনের শিলান্যাস করবেন এবং একটি জনসভায় ও ভাষণ দেবেন । এরপর তিনি ধেমাজীর মিসিং যুব মহোৎসবের সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন । ঐদিন সন্ধ্যায় কেন্দ্রীয় মন্ত্রী শ্রী শাহ রাজ্য বিজেপির মুখ্য কার্যালয়ে এক রাজনৈতিক আলোচনায় অংশগ্রহণ করবেন । এরপর তিনি আসাম সফর সমাপ্ত করে পশ্চিমবঙ্গের উদ্দেশ্যে রওয়ানা হবেন ।

---------------------------------------------------------------------------------------------

মহারাষ্ট্রের বারামটিতে আজ সকালে সংঘঠিত এক বিমান দূর্ঘটনায় রাজ্যটির উপ-মুখ্যমন্ত্রী অজিত পাওয়ার সহ ৫ জনের মৃত্যু হয়েছে । অসামরিক বিমান পরিবহন মন্ত্রনালয় সূত্রে প্রকাশিত তথ্য অনুযায়ি বিমানটিতে উপমুখ্যমন্ত্রী সহ দুজন সুরক্ষা আধিকারীক এবং দুজন বিমান পরিচালক ছিলেন । বিমানটি বারামটি বিমানবন্দরে অবতরণ করার সময় দূর্ঘটনা সংঘঠিত হয় । দূর্ঘটনাগ্রস্থ হওয়ার সঙ্গে সঙ্গে বিমানটি

সম্পূর্ণরূপে ভষ্মীভূত হয় ।উল্লেখ্য আজ সকাল ৮ টা ১০ মিনিটে উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ার বারামটিতে একটি জনসভায় অংশগ্রহণ করার জন্য রওয়ানা হয়েছিলেন । তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , লোকসভার অধ্যক্ষ ওম বিরলা , প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং , মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফারনবিস সহ বহু বিশিষ্ট ব্যক্তি গভীর শোক প্রকাশ করেছেন ।
সামাজিক মাধ্যমে এক শোকবার্তায় রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু অজিত পাওয়ারের অকাল মৃত্যু দেশের জন্য অপূরণীয় ক্ষতি বলে মন্তব্য করেন ।প্রধানমন্ত্রী শ্রী মোদী তাঁর বার্তায় বলেন জনগণের নেতা অজিত পাওয়ার তৃণমূল পর্যায় থেকে জনাসাধারণের সঙ্গে যোগাযোগ রক্ষা করে আসছেলেন ।শ্রী মোদী দূর্ঘটনায় নিহতদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন । আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ও এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেন । জনতার সেবা ও কল্যাণের জন্য নিজের জীবন উৎসর্গ করা অজিত পাওয়ারের মহারাষ্ট্রের উন্নয়ন এবং শাসন ব্যবস্থার প্রতি অবদান সর্বদা স্মরণীয় হয়ে থাকবে বলে মন্তব্য করেন ।
প্রয়াত উপ-মুখ্যমন্ত্রীর অন্তেষ্টিক্রিয়া আগামীকাল রাষ্ট্রীয়  মর্যাদায় সম্পন্ন করা হবে ।

---

ভোটার তালিকা পুনরনীরিক্ষণ প্রক্রিয়ায় অবৈধ বিদেশী নাগরিকের বিরুদ্ধে অভিযোগ করার বিষয়টিকে জাতীয় দায়িত্ব হিসেবে গণ্য করতে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আহ্বান জানিয়েছেন । তিনি বলেন যে রাজ্যের জাতীয় দল সংগঠনেরও নির্বাচন কমিশনে অভিযোগ করতে হবে । বিদেশী বলে সন্দেহ করা ৫ লক্ষেরও অধিক লোকের বিরুদ্ধে বিজেপির কর্মীরা অভিযোগ দাখিল করেছে বলে মূখ্যমন্ত্রী ড.শর্মা বলেন । পরবর্তী সময়ে নির্বাচন কমিশন এই অভিযোগ সম্পর্কে বিবেচনা করবে বলে তিনি উল্লেখ করেন ।

বাইট---মূখ্যমন্ত্রী

---

১৮৯৪ সালের ২৮ শে জানুয়ারী দরং জেলার পথরুঘাটে ব্রিটিশের খাজনা বৃদ্ধির বিরুদ্ধে গণতান্ত্রিক প্রতিবাদ সাব্যস্ত করতে গিয়ে শহীদ হওয়া কৃষকদের স্মৃতিতে আজ কৃষক শহীদ দিবস পালন করা হয়েছে । আজ শহীদদের স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলী অর্পণ , গাছপালা রোপণ , ইত্যাদি কার্যসূচী রূপায়ন করা হয় ।  মুক্ত সভা ও সাংস্কৃতি অনুষ্ঠানের কার্যসূচীতে কৃষিমন্ত্রী অতুল বরা অংশগ্রহণ করে শহীদদের শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন

করেন । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা কৃষক শহীদ দিবস উপলক্ষ্যে পথরুঘাট শহীদ কৃষকদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার পাবলিক একাউন্টস কমিটি আজ শ্রীভূমি জেলা সফর করে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প সরেজমিনে পর্যবেক্ষণ করেন । কমিটির চেয়ারম্যান বিধায়ক নুরুল হুদা ও অন্যান্য সদস্যদের নিয়ে গঠিত এই কমিটি আজ  শ্রীভূমি জেলার পূর্ত ভবন বিভাগের নির্মাণ করা  শ্রী গৌরী হায়ার সেকেন্ডারী স্কুল ,রামকৃষ্ণনগর মহিলা কলেজ , রামকৃষ্ণনগর হায়ার সেকেন্ডারী স্কুল ,রামকৃষ্ণনগর মেডিকেল কলেজ ,রামকৃষ্ণনগর মিনি স্টেডিয়াম ,পাথারকান্দিতে হায়ার সেকেন্ডারী স্কুলের নির্মাণ কাজ পরিদর্শন সহ জেলায় বাস্তবায়ন করা অন্যান্য প্রকল্পগুলিও পরিদর্শন করেন । এরপর বিকেলে কমিটির চেয়ারম্যান সহ সদস্যরা শ্রীভূমির জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে অনুষ্ঠিত এক পর্যালোচনা বৈঠকে অংশ নেন । জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এই পর্যালোচনা বৈঠকে কমিটি পূর্ত সড়ক , পূর্ত ভবন , জলসম্পদ ,বন ,জনস্বাস্থ্য কারিগরী ,জলসিঞ্চন ইত্যাদি বিভাগের কাজকর্মের অগ্রগতির খোঁজ নেন এবং প্রয়োজনীয় নির্দেশ প্রদান করেন ।

এদিকে আসাম বিধানসভার পাবলিক একাউন্টস কমিটি আগামীকাল  হাইলাকান্দি জেলা সফরে এসে জেলার উন্নয়নমূলক প্রকল্পগুলি পরিদর্শন করবেন । বিধায়ক নুরুল হুদার নেতৃত্বে আসা এই দল জেলার পাঁচটি উন্নয়ন খন্ড বাস্তবায়িত গ্রামীন প্রকল্পের খোঁজ খবর নেবেন । প্রতিনিধি দলটি বিকেলে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশ গ্রহন করবেন ।
এরপর কমিটির সদস্যরা শিলচর ফিরে যাবেন। কমিটির অন্য পাঁচ বিধায়ক সদস্য হলেন, রমেন্দ্র নারায়ণ কলিতা, ভবেন্দ্র ভরালি, করিমুদ্দিন বড়ভূইয়া, আব্দুর রশিদ মন্ডল এবং উৎপল বরা।

---------------------------------------------------------------------------------------

৭৯ তম সন্তোষ ট্রফী ফুটবল প্রতিযোগিতায় আজ ঢকুয়াখানায় অনুষ্ঠিত একটি খেলায় আসাম ৩-০ গোলের ব্যবধানে রাজস্থান দলকে পরাজিত করেছে । এই জয়ের সুবাদে আসাম ৪ টি খেলা থেকে ৫ পয়েন্ট অর্জন করে গ্রুপের চতুর্থ স্থানে রয়েছে । এদিকে প্রতিযোগিতার অন্য একটি খেলায় উত্তরাখন্ড নাগালেন্ডকে ২-১ গোলের ব্যবধানে পরাজিত করে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার ভাঙা মডেল সিনিয়র স্কুলে আজ তিনদিনব্যাপী আয়োজিত বার্ষিক উৎসবের সমাপ্ত হয়েছে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাক্তন রাজ্যসভা সাংসদ মিশন রঞ্জন দাস। অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা বিভিন্ন বিভাগে কৃতী ছাত্রছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন।

---------------------------------------------------------------------------------

লালা রুরেল কলেজে আদিবাসী জ্ঞান ও উদ্ভাবনকে  কেন্দ্র করে আয়োজিত দুদিনব্যাপী জাতীয় স্তরের সেমিনার আজ শেষ হয়েছে । কলেজের ইংরেজী বিভাগ এবং আই সি এস এস আর -নর্থ ইস্টার্ণ রিজিওনেল সেন্টারের যৌথ উদ্যোগে # ন্যারেটিভস অব ইন্ডিজেনাস নলেজ অ্যান্ড ইনোভেশন # শীর্ষক এই সেমিনারে দেশের বিভিন্ন রাজ্য থেকে গবেষক ,অধ্যাপক ও শিক্ষার্থীরা অংশ গ্রহণ করেন । সেমিনারে আদিবাসী সমাজের জ্ঞান ,সংস্কৃতি ,ঐতিহ্য ,নতুন চিন্তা ভাবনা ও উদ্ভাবন নিয়ে আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার গাগলাছড়া চা বাগান এলাকায় দশদিনব্যাপী নৌকাপূজার আয়োজন করা হয়েছে । গত ২৩ জানুয়ারী থেকে শুরু হওয়া এই পূজো পয়লা ফেব্রুয়ারী সমাপ্তি হবে । পূজো আয়োজন কমিটির সভাপতি বিশ্বজিৎ কৈরী জানান যে এই পূজো দেখতে দূর দূরান্ত থেকে গাগলাছড়া বাগানে ভক্ত সমাগম হচ্ছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীমৎ স্বামী প্রণবানন্দজী মহারাজের ১৩১তম আবির্ভাব তিথি উদযাপন ,বৈদিক শান্তিযজ্ঞ ও সঙ্ঘ মহাত্মা স্মৃতি উৎসব  আগামী ৩১ জানুয়ারী থেকে দোসরা ফেব্রুয়ারী পর্যন্ত বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হবে । তিনদিব্যাপী কার্যসূচীর মধ্যে রয়েছে ৩১ জানুয়ারী শোভাযাত্রা , সঙ্ঘসঙ্গীত পরিবেশন ,আচার্য বরণ , ভজন সন্ধ্যা ইত্যাদি , পয়লা ফেব্রুয়ারী মঙ্গলারতি ,উদয়াস্ত কীর্তন ,মহাভিষেক ,পূজারতি ,অন্নকূট ভোগ ,মহাপ্রসাদ বিতরণ ইত্যাদি এবং দোসরা ফেব্রুয়ারী সঙ্ঘ মহাত্মা স্মৃতি তর্পণ ,বিশেষ পূজারতি ইত্যাদি ।

---------------------------------------------------------------------------------